

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
লক্ষ্মীপুর গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর।
ফোনঃ ০৩৮১-৬২৩২৮, ফ্যাক্স নং-০৩৮১-৬২২৯২
ই-মেইল:ee_laxmi@pwd.gov.bd

স্মারক নং-পূর্ত-লক্ষ্মী/ ২২৪০

তারিখ : ২৩/০২/১৪২৭ বাংলা।
০৪/০৬/২০২০ খ্রি:।

অফিস আদেশ

বিষয় : ২০১৯-২০২০ অর্থ বছরের প্রকল্প কাজের ঠিকাদারের চুক্তির মেয়াদ (Time extension) বর্ধিত করনসহ দ্রুত মেরামত ও প্রকল্প বিল দাখিল প্রসঙ্গে।

সূত্র : অত্র দপ্তর স্মারক নং- ২২৭৩ তারিখ: ০১/০৬/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থ বৎসর প্রায় শেষ পর্যায়। সরকারী বিভিন্ন মেরামত ও কাজের বিল (ঠিকাদারের দায়-দেনা) নির্দিষ্ট সময়ে পরিশোধের ব্যাপারে সূত্রস্থ স্মারকের মাধ্যমে অবগত করা হয়। তাই যেসব প্রকল্পে ঠিকাদারের চুক্তির মেয়াদ অতিক্রম হয়ে গিয়েছে বা শীঘ্রই হবে সেইসব প্রকল্পের সময় বর্ধিত করনের আবেদন আগামী ০৭/০৬/২০২০খ্রি: তারিখের মধ্যে যথাযথ মাধ্যমে অত্র দপ্তরে দাখিল করন এবং ১০/০৬/২০২০খ্রি: তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন দাখিল করতে হবে। এছাড়াও প্রকল্প, মেরামত ও বিশেষ বরাদ্দ প্রাপ্ত মেরামত কাজের পরিশোধ যোগ্য এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিল বিভাগীয় দপ্তরে দাখিল করার জন্য বলা হল। প্রকল্প সমূহের ঠিকাদারের সাথে চুক্তির মেয়াদ বর্ধিত করন ছাড়া বিল পরিশোধে সমস্যা হবে। উল্লেখ্য কোভিড-১৯ এর কারণে সরকারের আর্থিক চাহিদা বৃদ্ধি পেয়েছে এবং লক-ডাউনের কারণে উৎপাদন হ্রাস পেয়েছে বিধায় জুনের শেষ সময়ে বিলের জন্য অপেক্ষা না করে যেকোন অনাকাঙ্খিত জটিলতা পরিহারের জন্য দ্রুত কার্য-সম্পাদন ও বিল দাখিলের পরামর্শ দেয়া হচ্ছে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কার্যকরি ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফেরদৌস উজ-জামান)
নির্বাহী প্রকৌশলী
লক্ষ্মীপুর গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর।

তারিখ : ২৩/০২/১৪২৭ বাংলা।
০৪/০৬/২০২০ খ্রি:।

স্মারক নং-পূর্ত-লক্ষ্মী/ ২২৪০/৩

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হল :

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা গণপূর্ত সার্কেল, কুমিল্লা।

স্বাক্ষরিত

নির্বাহী প্রকৌশলী
লক্ষ্মীপুর গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর।

তারিখ : ২৩/০২/১৪২৭ বাংলা।
০৪/০৬/২০২০ খ্রি:।

স্মারক নং-পূর্ত-লক্ষ্মী/ ২২৪০/৩(৪)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল :

১। উপ-বিভাগীয় প্রকৌশলী, লক্ষ্মীপুর গণপূর্ত (সিভিল/ই.এম) উপ-বিভাগ, লক্ষ্মীপুর।

২। বিভাগীয় হিসাব রক্ষক অত্র দপ্তর। তাঁকে চুক্তি পত্র performance security সহ আনুষ্ঠানিক বিষয়াদি যাচাই করা ও প্রয়োজন সময়ে সময়ে সংশ্লিষ্টকে অবহিত করার জন্য বলা হচ্ছে।

৩। অত্র দপ্তরের আওতাধীন ঠিকাদারী প্রতিষ্ঠান.....(সকল)।

স্বাক্ষরিত

নির্বাহী প্রকৌশলী
লক্ষ্মীপুর গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর।